

তথ্যবিবরণী

নম্বর-১৪৮

## সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত:

ময়মনসিংহ: (শনিবার, ০৯ মার্চ ২০২৪ খ্রি.)

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র, ওয়ার্ড কাউন্সিলর ও সংরক্ষিত নারী কাউন্সিলর পদে ভোটগ্রহণ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। ইভিএম পদ্ধতিতে আজ শনিবার (০৯ মার্চ) সকাল ০৮টা থেকে বিকাল ০৪টা পর্যন্ত নগরীর ১২৮টি কেন্দ্রে ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে ভোটগ্রহণ সম্পন্ন হয়।

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ইতিহাসে এবার দ্বিতীয়বারের মতো নির্বাচন অনুষ্ঠিত হয়। বিভিন্ন পদ মিলিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন মোট ২২২ জন। এরমধ্যে, মেয়র পদে ০৫ প্রার্থী ছাড়াও নগরীর ৩৩টি ওয়ার্ডে সাধারণ কাউন্সিলর পদে ১৪৯ এবং ১১টি সংরক্ষিত নারী কাউন্সিলর পদে প্রার্থী ছিলেন ৬৯ জন। নগরীর ১১ নম্বর ওয়ার্ডে ফরহাদ আলম বিনা প্রতিদ্বন্দ্বিতায় কাউন্সিলর নির্বাচিত হওয়ায় কাউন্সিলর পদে ৩২টি ওয়ার্ডে নির্বাচন অনুষ্ঠিত হয়।

সিটি নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় বিজিবি, র‍্যাব, পুলিশ, এপিবিএন, আনসার ব্যাটালিয়ন, সাধারণ আনসার মিলে ৪ হাজার ৫০০ জন দায়িত্ব পালন করেন। পাশাপাশি ৩৩ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট, ১১ জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মাঠে ছিলেন। সাধারণ ভোটকেন্দ্রে পুলিশ ও আনসার মিলে ১৬ জন এবং গুরুত্বপূর্ণ কেন্দ্রে ১৭ জন আইনশৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন করেন।

সিটি নির্বাচনে মোট ১২৮টি ভোটকেন্দ্রের ৯৯০টি ভোটকক্ষে ভোটগ্রহণ করা হয়। নগরীর বিভিন্ন ভোটকেন্দ্রে স্বতঃস্ফূর্তভাবে উৎসবমুখর পরিবেশে ভোটারগণ ভোট প্রদান করেন। ভোটদান শেষে ভোটারগণ নির্বাচনের সার্বিক পরিস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন।

এদিকে, আজ ময়মনসিংহ বিভাগের জামালপুর জেলার বকশীগঞ্জ পৌরসভা সাধারণ নির্বাচন এবং ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভায় মেয়রের শূন্যপদে উপনির্বাচন অনুষ্ঠিত হয়। এদিন ময়মনসিংহ বিভাগের চার জেলার মধ্যে ময়মনসিংহ জেলার ৭টি ইউনিয়নে, শেরপুর জেলার ৩টি ইউনিয়নে, জামালপুর জেলার ১টি ইউনিয়নে এবং নেত্রকোনা জেলার ৬টি ইউনিয়নের বিভিন্ন শূন্যপদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হয়।

#

রিদওয়ান/দেওয়ান/ মনির/হদা/রেজভী ২০২৪/১৭:০০ ঘন্টা